

**মুরাদনগর নোমান
আহমেদ কলেজে
উপবৃত্তি প্রদান**

কুমিল্লা থেকে নিজর নব্বোদমাভা
উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রী উপবৃত্তি
প্রদানে কর্মসূচি সারাদেশের মধ্যে
কুমিল্লার মুরাদনগর উপজেলার নারী
শিক্ষার বিস্তারে গুরুত্বপূর্ণ পদক্ষেপ
হিসেবে মূল্যায়িত হয়েছে। এখানকার
পঞ্চাদশদশ নারীদের শিক্ষার
সম্বলস্বরূপ উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ
হিসেবে উপবৃত্তি সহায়ক হিসেবে কাজ
করছে। চলতি বছরের শুরু থেকেই উচ্চ
মাধ্যমিক পর্যায়ের সকল ছাত্রীদের জন্য
বেতন মওকুফ ও উপবৃত্তি প্রদান
কার্যক্রমে মুরাদনগরের ১ হাজার ২শ'
৬৭ জন অন্তর্ভুক্ত রয়েছে। এ বাবদ ১৪
লাখ ৪ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।
সাবেক মন্ত্রী ও স্থানীয় সাংসদ আলহাজ্ব
শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদ
২৫ অক্টোবর শুক্রবার কাজী নোমান
আহমেদ ডিগ্রি কলেজের ছাত্রীদের
উপবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির
বক্তব্যে একথা বলেন। তিনি এ
কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণীর মোট
১শ' ৭৬ জন ছাত্রীর মধ্যে উপবৃত্তি ও
টিউশন ফি বাবদ ১ লাখ ৪২ হাজার
৫শ' ৪০ টাকা নগদ বিতরণ করেন।
কলেজ অধ্যক্ষ খন্দকার মকবুল
আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ
অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন
উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মো.
বেদাল ও কলেজ শিক্ষকগণ।